



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-২৭৯/ক/অনু/০৯/৭০৪

তারিখ: ২৬/০৫/১২

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরীর খিলক্ষেত এলাকায় অবস্থিত 'রেসিডেন্সিয়াল ল্যাবরেটরী কলেজ' বিনা নোটিশে বোর্ডের কোনরূপ পূর্বানুমতি ব্যতীত ক্যাম্পাস বন্ধ করে পাঠদান প্রক্রিয়া স্থগিত করেছে, ক্যাম্পাস তালাবদ্ধ, কলেজের কোন স্টাফ কিংবা অধ্যক্ষ ছাত্র-ছাত্রীদের সাথে যোগাযোগ করছে না এবং টিসি নিতে ইচ্ছুক অনেক শিক্ষার্থীর টিসি আবেদন আটকে রেখেছে মর্মে অসংখ্য শিক্ষার্থী এবং অভিভাবকের লিখিত অভিযোগ পাওয়া গেছে। উদ্ধৃত পরিস্থিতিতে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে আতংক বিরাজ করছে। বোর্ডের কোনরূপ পূর্বানুমতি ব্যতীত ক্যাম্পাস বন্ধ করে পাঠদান প্রক্রিয়া স্থগিত করায় কেন অত্র কলেজের পাঠদানের অনুমতি বাতিল করা হবেনা তার কারণ সুস্পষ্ট ব্যাখ্যাসহ আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে লিখিতভাবে পেশ করার জন্য আপনাকে চূড়ান্তভাবে নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষর

প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

রেসিডেন্সিয়াল ল্যাবরেটরী কলেজ [EINN: 133736]

বাড়ী নং-৭, রোড-০৩, নিকুঞ্জ-২

খিলক্ষেত, ঢাকা

মেমো নং-৭০৪ (৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, ঢাকা
- ৪। জেলা শিক্ষা অফিসার, মিরপুর-১, ঢাকা
- ৫। পি.এস.টু. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। সভাপতি, রেসিডেন্সিয়াল ল্যাবরেটরী কলেজ, ঢাকা
- ৭। অফিস কপি

তারিখ: ২৬/০৫/১২

স্বাক্ষর

২৬/০৫/১২

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা